

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.১২৩.৮২- ১৫১ .

তারিখ : ৩০ চৈত্র ১৪২৯
১৩ এপ্রিল ২০২৩

বিষয় : ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার ০৩ নং কৈচাপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মো: আব্দুল্লাহ সাঈদ এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা রেজিস্ট্রার, ময়মনসিংহ কর্তৃক তদন্তে আপনার বিরুদ্ধে (ফ) ২২/০৩/২০২২ খ্রি. তারিখে ২০ বছর ০১ মাস ২১ দিন বয়সী বর মোঃ আবু তালেব, পিতা-মোঃ গোলা হোসেন এর বাল্য বিবাহ; (খ) ১৪/০৪/২০২২ খ্রি. তারিখে বর মোঃ জুয়েল, পিতা-মোঃ নজরুল ইসলাম ও কনে মোছাঃ সনিয়া খাতুন, পিতা-শাহজাহান এর বয়স লিপিবদ্ধ না করা; (গ) ০৫/০৫/২০২২ খ্রি. তারিখে ২০ বছর ১১ মাস ০২ দিন বয়সী বর শাহরিয়ার ইমন সাজু মিয়া, পিতা-মোঃ আতিকুল ইসলাম এর বাল্য বিবাহ; (ঘ) ১০/০৬/২০২২ খ্রি. তারিখে ২০ বছর ০২ মাস ০১ দিন বয়সী বর মোঃ রহিম শেখ, পিতা-মোঃ আলম মিয়া এর বাল্য বিবাহ এবং (ঙ) ১১/০৭/২০২২ খ্রি. তারিখে ২০ বছর ০৭ মাস ১১ দিন বয়সী বর মোঃ শহিদুল্লাহ মন্ডল, পিতা-আব্দুর রশিদ মন্ডল এর বাল্য বিবাহ নিবন্ধন করার বিষয় প্রমাণিত হওয়ায়, আপনাকে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হলে তৎপ্রেক্ষিতে দাখিলকৃত আপনার আবেদনে সময় বৃদ্ধির প্রার্থনা করলেও বাল্য বিবাহ নিবন্ধনের অভিযোগ অস্বীকার না করায় এবং বাল্য বিবাহ নিবন্ধন করা ও নিবন্ধন বহিতে বর-কনের বয়স লিপিবদ্ধ না করা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় ও কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদানের জন্য ২০/১২/২০২২ খ্রি. তারিখের ০৪ মাসের সময় বৃদ্ধির আবেদনটি আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়াকে বিলম্বিত করার প্রয়াস মর্মে প্রতীয়মান হওয়ায় উক্ত আবেদনটি না মঞ্জুর করত আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল করা হলো।

স্বা.

(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,

জনাব মো: আব্দুল্লাহ সাঈদ
নিকাহ রেজিস্ট্রার, ০৩ নং কৈচাপুর ইউনিয়ন
হালুয়াঘাট, ময়মনসিংহ।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.১২৩.৮২- ১৫১ .

তারিখ : ৩০ চৈত্র ১৪২৯
১৩ এপ্রিল ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। জেলা রেজিস্ট্রার, ময়মনসিংহ (সংশ্লিষ্ট সাবেক নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ডপত্র ও বাল্য বিবাহ সংগ্রহ করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত এলাকার সংশ্লিষ্ট কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৫। সাব-রেজিস্ট্রার, হালুয়াঘাট, ময়মনসিংহ (০৩ নং কৈচাপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মো: আব্দুল্লাহ সাঈদ এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল হওয়ায় অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করা হলো এবং শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি/ গার্ড ফাইল।

(মুরাদ জাহান চৌধুরী)

সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮